

দাবিতে যৌন হয়রানি, পাল্টাপাল্টি অভিযোগ তদন্ত কমিটি

স্টাফ রিপোর্টার, রাজশাহী। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহকারী অধ্যাপক এটিএম রফিকুল ইসলামের বিরুদ্ধে এক ছাত্রলীগকর্মীকে যৌন হয়রানি করার পাল্টাপাল্টি অভিযোগের প্রেক্ষিতে তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। শনিবার সকালে এ তথ্য নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয় জনসংযোগ দফতরের প্রশাসক প্রফেসর ড. ইলিয়াছ হোসেন।

তিনি বলেন, ভাষা বিভাগের (উর্গ) প্রথম বর্ষের শিক্ষার্থী রোকেয়া হলের আবাসিক শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির লিখিত অভিযোগ করেছেন। অন্যদিকে হলের আবাসিক ছাত্রীদের স্বাক্ষরসংবলিত ওই শিক্ষক লিখিত পত্রে নিজেকে নির্দোষ দাবি করেছেন। এর প্রেক্ষিতে উপাচার্য সঠিক বিষয় উন্মোচন করতে বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. ছাদেকুল আরেফিনকে আহ্বায়ক করে তিন সদস্যবিশিষ্ট কমিটি গঠন করেছেন।

কমিটির অন্য দুই সদস্য হলেন- প্রফেসর ড. তারিকুল ইসলাম ও সিন্ডিকেট সদস্য সহকারী অধ্যাপক মোঃ উজ্জ্বল হোসেন।

প্রসঙ্গত, গত ২০ ডিসেম্বর বেগম রোকেয়া হলের আবাসিক শিক্ষক এটিএম রফিকুল ইসলামের বিরুদ্ধে ওই হলের এক ছাত্রী ও ছাত্রলীগকর্মী যৌন হয়রানির অভিযোগ এনে দুর্ভাগ্যমূলক শাস্তির দাবিতে উপাচার্যের কাছে অভিযোগ দেন।